দৈনিক সংবাদ

063

তারিখ ... 23 MAR 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...

এসএসসি পরীক্ষার তৃতীয় দিন

# বিভিন্ন স্থানে গুলীবর্ষণ ॥ ভালুকায় ১ জন নিহত ॥ ৯ জন পরিদর্শকসহ বহিষ্কৃত ৬৭৩

(নিজস্ব বার্তা পরিবেশক)

এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল পুলিশের গুলীতে ময়মনসিংহের ভালুকায় ১ জন নিহত ও বিভিন্ন স্থানে ৩৩ জন পুলিশসহ ২৬১ জন আহত হয়েছে। আহত ৭ জনকে আশংকাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। দেশের বিভিন্ন স্থানে পুলিশ ৫৬ রাউণ্ড গুলীবর্ষণ এবং ৩৭ জনকে গ্রেফতার করেছে। বিভিন্ন কেন্দ্র থেকে ৬৭৩ জন পরীক্ষার্থী ও ৯জন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষ ছাড়াও বিভিন্ন স্থানে কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলো আক্রান্ত হয়। বেশ কয়েকটি বিদ্যালয়ে ব্যাপক ভাঙচুর ও আগুন ধরিয়ে দেয়া হয়, কোথাও কোথাও বোমাবাজি হয়।

### ময়মনসিংহ

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল মঙ্গলবার ভালুকা পরীক্ষা কেন্দ্রে পুলিশের গুলীতে ১জন নিহত এবং গুলী ও সংঘর্ষে ২ শতাধিক আহত হয়েছে।

দুপুর ১২টার সময় পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে এক ঘন্টাব্যাপী সংঘর্ষ হয়। নকল সরবরাহকারীরা পুলিশের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করতে শুরু করলে পুলিশ ১৪ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পরে পুলিশ প্রায় ৪০ রাউণ্ড গুলী ছোড়ে। এতে বজলুর রহমান (২০) ঘটনাস্থলে নিহত হয়।

## প্রশ্ন বিভ্রাট

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত ঢাকা বোর্ডের গণিত পরীক্ষার প্রশ্নপত্রে একটি প্রশ্ন দু'রকম ছাপা হয়েছে। ফলে পরীক্ষার্থীদের মধ্যে সৃষ্টি হয়েছে বিভ্রান্তি। প্রশ্নপত্রের ১ নং প্রশ্নটি ছিল একটি 'সরল' অংক। আমাদের হাতে এমন দু'ধরনের প্রশ্নপত্র এসেছে যার মধ্যে একটি প্রশ্নপত্রের ১নং 'সরল' অংকটির এক স্থানে প্রথম বন্ধনী দেয়া আছে। অন্য প্রশ্নপত্রটির ঐ অংকের ঐ স্থানে কোন প্রকার বন্ধনী নেই। ফলে অংকটির ফলও দাঁড়িয়েছে ভিন্ন ভিন্ন রকম।

এব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো: দলিলউদ্দিন মণ্ডলের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'মুদ্রণ ভুলের জন্য এরকম হয়েছে।' তবে তিনি

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

### প্রশ্ন বিভ্রাট

(১ম পাতার পর)

জানান, পরীক্ষার্থীরা যে প্রশ্নপত্র থেকেই উত্তর দিয়ে থাকুক উত্তর সঠিক হলেই নম্বর দেয়া হবে। তিনি জানান, অতীতেও এরকম মুদ্রণ বিভ্রাটের ঘটনা ঘটেছে এবং সবসময়ই এব্যাপারে পরীক্ষকদের যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়। এসব ক্ষেত্রে পরীক্ষার্থীদের স্বার্থের কথাই বিবেচনা করা হয়ে থাকে।

দৈনিক সংবাদ

তারিখ ... 23 MAR 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...

## এসএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

আহতদের মধ্যে গুলীবিদ্ধ অবস্থায় মো: জসীমউদ্দিন (৩০), আবদুস সালাম (১৫), মো: আজাদ (২০), বাবুল (১৮), আমিনুল ইসলাম (২৪), আবদুল আজীজ (৩৩) ও শাহাবউদ্দিন (১৭)-কে ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের অবস্থা আশংকাজনক। লাশ ময়না তদন্তের জন্য হাসপাতালে আনা হয়েছে।

এ ছাড়া নকল সরবরাহকারীদের ইট-পাটকেল নিক্ষেপে একজন ম্যাজিস্ট্রেট এবং ৩৭জন পুলিশ ও আনসার আহত হয়েছে। এসময় ঢাকা-ময়মনসিংহ সড়কে যানবাহন চলাচল বন্ধ ছিল। সংঘর্ষে ভালুকা হাইস্কুলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়।

গতকাল কেন্দ্র থেকে মোট ১৫জনকে বহিষ্কার করা হয়েছে।

### মানিকগঞ্জ

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল মানিকগঞ্জ জেলার ২টি কেন্দ্র থেকে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে মানিকগঞ্জ কেন্দ্রে ৭ জন এবং সিংগাইর কেন্দ্র থেকে ৫ জনকে বহিষ্কার করা হয়।

মানিকগঞ্জ শহরে পরীক্ষা শুরুর কিছুক্ষণের মধ্যে প্রশ্নপত্র বাইরে চলে আসে এবং ফটো কপি করা এসব প্রশ্নপত্র ১৫/২০ টাকা মূল্যে বিক্রি হয়।

### মুন্সীগঞ্জ

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল মুন্সীগঞ্জের তিনটি কেন্দ্র থেকে ৩৮জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ ১জন নকল সরবরাহকারীকে গ্রেফতার করেছে।

দুপুরে পরীক্ষা চলাকালীন সময়ে শহরের ২টি উপকেন্দ্রে ৩টি ককটেল বিস্ফোরিত হয়।

### পিরোজপুর

পিরোজপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল পিরোজপুরে দুটি কেন্দ্র থেকে ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ নিয়ে তিনদিনে এখানে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা দাঁড়ালো ১৪০। পুলিশ ৩ দিনে ৬ জন নকল সরবরাহকারীকে গ্রেফতার করেছে।

### গাজীপুর

গাজীপুর থেকে সংবাদদাতার ফোন : গতকাল সকাল পৌনে এগারোটায় শ্রীপুর এসএসসি পরীক্ষা কেন্দ্রে পুলিশ বহিরাগত নকল সরবরাহকারীদের ছত্রভঙ্গ করার জন্য ন' রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে।

### সিরাজগঞ্জ

সিরাজগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, দুটি কেন্দ্রে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষে ৩০ জন পুলিশসহ ৫০জন আহত হয়েছে। আহত ৬জন পুলিশকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশকে ২ রাউণ্ড গুলীবর্ষণ ও ১৭ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করতে হয়েছে। সালেহা স্কুল কেন্দ্র থেকে ৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান : গতকাল শহরের ৬টি কেন্দ্র থেকে ২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর জের হিসেবে বাংলাদেশ ব্যাংক কলোনী স্কুল ও কলেজিয়েট স্কুলে ব্যাপক ভাঙচুর করা হয়। এতে ক্ষতির পরিমাণ প্রায় ৮লাখ টাকা। এম,এইচ, স্কুলে অগ্নিসংযোগ করা হয়। এতে ক্ষতি হয়েছে প্রায় ৫ লাখ টাকা। এ সময় বোমাবাজিও হয়। কলেজিয়েট স্কুল থেকে ৮জনকে গ্রেফতার করা হয়েছে।

### রাজশাহী

রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা জানান : রাজশাহী শিক্ষা বোর্ডের বিভিন্ন জেলায় গতকাল এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে ১জন পরিদর্শকসহ ২৮৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নওহাটা হাইস্কুল এলাকায় ১৪৪ ধারা ভংগ করার জন্য ৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

### মাদারীপুর

নিজস্ব সংবাদদাতা জানান : গতকাল মাদারীপুর জেলায় এস এস সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ৩৭জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

### চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতার ফোন : এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল চাঁপাইনবাবগঞ্জ সরকারী হরিমোহন উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নকল সরবরাহকারীদের সাথে পুলিশের সংঘর্ষে ৩জন পুলিশসহ ১০ ব্যক্তি আহত হয়েছে। পুলিশ ৪ রাউণ্ড গুলী ও ১৮ রাউণ্ড কাঁদানে গ্যাস ছোড়ে।

পুলিশ প্রথমে লাঠিচার্জ ও পরে গুলীবর্ষণ করে। গুলীতে আহত আ: আলীম (১৫)কে সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

নকল সরবরাহকারীরা পরে সরকারী কলেজের অধ্যক্ষের অফিসকক্ষ ভাঙচুর করে। চাঁপাইনবাবগঞ্জ শাখা বাকশাল ও জাতীয় ছাত্রলীগ পুলিশের গুলীবর্ষণের নিন্দা করেছে।

### কুমিল্লা

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, গতকাল কুমিল্লা জেলা স্কুল কেন্দ্র থেকে দায়িত্ব পালনশেষে বাসায় ফিরে যাবার পথে ম্যাজিস্ট্রেট নাজমা আহমদ একদল উচ্ছৃংখল ছাত্রের হাতে লাঞ্ছিত হন। তাঁকে বহনকারী জীপটি (কুমিল্লা ক-৫৬২০) ভাঙচুর করা হয়। পরে পুলিশ এসে তাঁকে উদ্ধার করে।

আজ সারা জেলায় মোট ৩৯ জন ছাত্র ও ৭ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে। পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান : গতকাল এসএসসি পরীক্ষা চলাকালে সোনারগাঁয়ে ১৭জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রূপগঞ্জ উপজেলার মুড়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নকল সরবরাহকারী ও পুলিশের মধ্যে সংঘর্ষে ইট-পাটকেল নিক্ষেপে দারোগা আবদুল হক আহত হন।

বন্দর উপজেলায় বিএম ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে ১৪৪ ধারা ভঙ্গ ও নকল সরবরাহ করার অভিযোগে ৪জন তরুণকে গ্রেফতার করা হয়েছে।

### ঠাকুরগাঁ

নিজস্ব সংবাদদাতার ফোন : সাধারণ গণিত পরীক্ষার সময় অসদুপায় অবলম্বনের দায়ে জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ৪৬জনকে বহিষ্কার করা হয়েছে। সদর উপজেলা কেন্দ্র ছাড়া অন্য সবক'টি কেন্দ্রে ব্যাপক নকল হয়েছে বলে খবর পাওয়া গেছে।

### বগুড়া

শান্তাহার থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে জানান, বগুড়া জেলার ২০টি কেন্দ্রে গতকাল মঙ্গলবার ১ জন পরিদর্শক ও ৭৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

### নাটোর

নাটোর থেকে সংবাদদাতা[illegible] ফোন : গতকাল সাধারণ গণি[illegible] পরীক্ষায় নাটোর জেলায় ৪[illegible] জন পরীক্ষার্থীকে বহিষ্ক[illegible] করা হয়েছে।

### হাজীগঞ্জ

হাজীগঞ্জ থেকে নি[illegible] সংবাদদাতা জানান : জে[illegible] বিভিন্ন কেন্দ্র থেকে অসদু[illegible] অবলম্বনের জন্য ২০জন প[illegible] ক্ষার্থীকে বহিষ্কার করা হয়ে[illegible]

### কুলাউড়া

কুলাউড়া থেকে নি[illegible] সংবাদদাতা জানান : স[illegible] ব্যাপক ও অবাধ নকল হয়েছে[illegible] পুলিশ ১ জন নকল সরবর[illegible] কারীকে গ্রেফতার করেছে। [illegible] নিয়ে তিনদিনে ৪ জন ন[illegible] সরবরাহকারীকে আটক [illegible] হলো। আগের গ্রেফতার[illegible] তিনজনকে কোর্টে চালান দে[illegible] হয়েছে।

### সিলেট

জেলা বার্তা পরিবেশক জা[illegible] সিলেট রাজা জিসি হাইস্কুল [illegible] পুলিশ উচ্ছৃংখল বহিরাগত[illegible] ছত্রভঙ্গ করার জন্য ১ রাউণ্ড [illegible] ছোড়ে।